



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি-১)

## বনজ সম্পদ রক্ষায় গবেষণার

### প্রয়োজন রয়েছে : মেয়র

চট্টগ্রাম-০৯মার্চ -২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, দেশের বনজ সম্পদ রক্ষায় গবেষণার প্রয়োজনীয়তা রয়েছে। গবেষণা কাজে নিয়োজিত বিজ্ঞানীরা হলেন দেশের সম্পদ। তাদের উদ্ভাবিত প্রযুক্তি আধুনিক বিশ্বের সাথে আমাদেরকে বসবাসে উপযোগী করে তোলে। তাই বনজ সম্পদ রক্ষা ও সম্প্রসারণ গবেষণার কোন বিকল্প নাই। তিনি আজ বিকেলে নগরীর মুরাদপুরস্থ বিএফআরআই মিলনায়তনে বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট এর উদ্ভাবিত প্রযুক্তি সম্পর্কিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের পরিচালক ড. মো. মাসুদুর রহমান। শুরুতে প্রতিষ্ঠানের মুখ্য গবেষণা কর্মকর্তা বিজ্ঞানী রফিকুল হায়দার তাদের গবেষণা কার্যক্রমের একটি সচিত্র প্রতিবেদন উপস্থাপন করেন। এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রাজনৈতিক নেতা এ টি এম পেয়ারুল ইসলাম, মোহাম্মদ জাহাঙ্গীর, মোহাম্মদ সরোয়ার্দী। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র আরো বলেন, আগে বনজ সম্পদের উপর কোন গবেষণা ছিলো না, এখন যা হচ্ছে। আগে প্রাকৃতিকভাবে বন সৃষ্টি হতো। তখন মানুষ নিজের প্রয়োজনে বন সম্পদকে নিজের উপযোগী করে ব্যবহার করতো। এখন যেমন কাঠের বিকল্প বাঁশ ব্যবহার হচ্ছে। তিনি বলেন, এখন দেশে জনসংখ্যা যেমন বেড়েছে তেমনি খাদ্য উৎপাদন ও বেড়েছে। খাদ্যে এখন বাংলাদেশ স্বয়ংসম্পূর্ণ। ১৬ কোটি মানুষের দেশে খাদ্য ঘাটতি এখন নাই বললেই চলে। কাজেই সবক্ষেত্রেই গবেষণার কোন বিকল্প নাই। মেয়র বন গবেষণার কাজে নিয়োজিত বিজ্ঞানীদের গবেষণা কার্যক্রম দেশকে আরো এগিয়ে নিয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। উল্লেখ্য ১৯৫৫ সালে বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়।

(প্রেস বিজ্ঞপ্তি-২)

## চসিকের মোবাইল কোর্ট

চট্টগ্রাম-০৯মার্চ -২০২১খ্রি.

নগরীর ডবলমুরিং থানাধীন আত্মবাদস্থ এক্সেস রোডের টি এন্ড টি কলোনী সংলগ্ন ফুটপাতে অবৈধভাবে দখল করে বসা প্রায় শতাধিক দোকানপাট অপসারণ করে ফুটপাত অবৈধ দখলমুক্ত করা হয়। একই অভিযানে লাকী প্লাজার মোড়ে ফুটপাত দখল করে ফলের দোকানের ব্যবসা পরিচালনার দায়ে ০৬ ব্যক্তির বিরুদ্ধে মামলা রঞ্জু পূর্বক ১৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। আজ মঙ্গলবার চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌস ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে এই মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

(প্রেস বিজ্ঞপ্তি-৩)

## সিটি মেয়রের সাথে বি এস আর এম

### এমডি'র সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম-০৯মার্চ -২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরীর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন বি এস আর এম এর ব্যবস্থাপনা পরিচালক আমীর আলী হোসাইন। সাক্ষাতে চট্টগ্রাম নগরীর বর্তমান উন্নয়ন কার্যক্রম ও ব্যবসা বাণিজ্য নিয়ে আলোচনা হয়। এসময় মেয়র বলেন আমরা যারা চট্টগ্রামে বসবাস করি মনে করতে হবে চট্টগ্রাম আমাদের। আমি আপনাদের মুখপাত্র। সরকার থেকে সবকিছু নিয়ে নগর উন্নয়ন সম্ভব নয়। আপনাদের সহযোগিতা, চিন্তা-চেতনা, মেধা ও সঠিক পরামর্শ বাস্তবায়নে আমি সবসময় সচেষ্ট থাকব। তিনি চট্টগ্রামের উন্নয়নে শিল্পপতি, ব্যবসায়ী ও সুশীল সমাজকে এগিয়ে আসার আহ্বান জানান। এসময় উপস্থিত ছিলেন মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, বি এস আর এম এর উপ-ব্যবস্থাপনা পরিচালক তপন সেনগুপ্ত, ও এ জি এম এ কে এম সাইফুদ্দিন খান। সাক্ষাৎকালে মেয়রকে অভিনন্দন পত্র ও ফুলেল শুভেচ্ছা জানান বি এস আর এম

কর্মকর্তাবৃন্দ। মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত বঙ্গবন্ধুকে নিবেদিত একুশে বইমেলায় সহযোগিতার আহ্বান জানালে বি এস আর এম এর ব্যবস্থাপনা পরিচালক আমীর আলী হোসাইন মেয়রকে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন।

নিবেদক

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতি. দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩

